# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫৬৬

পর্ব - ৩ঃ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ জানাযা সালাতে যে দু'আগুলো পড়তে হয়

আরবী

وَعَنْ عَوْفِ بْنِ مَالِكٍ ـ رضي الله عنه ـ قَالَ: صَلَّى رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ عَلَى جَنَازَةٍ، فَحَفِظْتُ مِنْ دُعَائِهِ: «اللَّهُمَّ اغْفِرْ لَهُ, وَارْحَمْهُ وَعَافِهِ, وَاعْفُ عَنْهُ وَأَكْرِمْ نُزُلَهُ, وَوَسِّعْ مُدْخَلَهُ, وَاغْسِلْهُ بِالْمَاءِ وَالثَّلْجِ وَالْبَرَدِ, وَنَقِّهِ مِنَ الْخَطَايَا كَمَا نَقَّيْتَ الثَّوْبَ الْأَبْيَضَ مِنَ الدَّنَسِ, وَأَبْدِلْهُ دَارًا خَيْرًا مِنْ دَارِهِ, وَأَهْلًا خَيْرًا مِنْ أَهْلِهِ, وَأَدْخِلْهُ الْجَنَّةَ, وَقِهِ فِتْنَةَ الْقَبْرِ وَعَذَابَ النَّارِ». رَوَاهُ مُسْلِمٌ

صحيح. رواه مسلم (963)، وزاد: قال عوف: فتمنيت أن لو كنت أنا الميت؛ لدعاء رسول الله ـصلى الله عليه وسلم ـعلى ذلك الميت

বাংলা

৫৬৬. 'আউফ বিন মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি জানাযার সালাত আদায় করেছিলেন; আমি তাঁর এ দু'আটি মুখস্থ করে নিলাম।

উচ্চারণ: আল্লাহুম-মাগাফির লাহু ওয়ারহামহু, ওয়া আফিহি, ওয়া'ফু আনহু, ওয়া আকরিম নুযুলাহূ, ওয়া ওয়াসসি মাদ-খালাহূ, ওয়াগসিলহু বিলমা'ই ওয়াস সালজি ওয়াল বারাদি, ওয়া নাক্কিহী মিনাল খাতাইয়া কামা নাক্কায়তাস সাউবাল আবাইয়াযা মিনাদ দানাসি, ওয়া আবদিলহু দারান খায়রান মিন দারিহি, ওয়া আহলান খায়রান মিন আহলিহী, ওয়া যাওজান খায়রান মিন যাওজিহি, ওয়া আদখিলহুল জান্নাতা, ওয়াকিহী ফিতনাতাল কাবরি ওয়া 'আযাবান নার।

অর্থ: ইয়া আল্লাহ, তাকে ক্ষমা করে দাও, তার উপর করুণা কর, তাকে শক্তি দাও এবং তাকে রেহাই দাও। তার উপর সহৃদয় হও এবং তার প্রবেশদ্বার প্রশস্ত করে দাও এবং তাকে পানি, বরফ ও তুষার দ্বারা ধৌত করে দাও।

তার গুনাহসমূহ পরিস্কার করে দাও, সাদা কাপড় যে ভাবে দাগমুক্ত করে ধৌত করা হয়। সে যে ধরণের আবাসের সঙ্গে পরিচিত তার থেকে তাকে উত্তম আবাস দাও এবং যে ধরনের পরিবারের সঙ্গে পরিচিত তার থেকে উত্তম পরিবার দাও এবং তার স্ত্রী হতে উত্তম স্ত্রী দাও। তাকে জান্নাতে প্রবেশ করাও এবং কবরের ফিতনা হতে আর জাহান্নামের আগুন হতে তাকে রক্ষা কর।[1]

## English

‘Auf bin Malik (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) offered the funeral prayer, and I memorized this supplication (that he said for the deceased), “'O Allah! Forgive him and have mercy on him (on her). Grant him ease and respite. Make his resting place a noble one, and facilitate his entry. Wash him with the most pure and clean water, snow and hail. Purify him from sins as a white garment is cleansed of dirt. Give him in exchange a home better than his home (on earth) and a family better than his family. Grant him entrance to Paradise and protect him from the trials of the grave and the torture of Hell Fire." Related by Muslim.

ফুটনোট

[1] মুসলিম ৯৬৩, তিরমিযী ১০২৫, নাসায়ী ১৯৮৩, ১৯৮৪, মুসলিমের বর্ণনায় আরো রয়েছে, আওফ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ فتمنيت أن لو كنت أنا الميت؛ لدعاء رسول الله ـ صلى الله عليه وسلم ـ على ذلك الميت মৃত ব্যক্তির উপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উক্ত দু’আর কারণে আমি কামনা করেছিলাম যদি আমি সেই মৃত ব্যক্তিটি হতাম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70377

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন